বাংলাদেশি বংশোদ্ভূত নাজরিন চৌধুরী অস্কারে মনোনয়ন পেলেন

ব্রিটিশ আমেরিকান চিত্রনাট্যকার, পরিচালক ও বাংলাদেশি বংশোদ্ভূত অভিনেত্রী নাজরিন চৌধুরী চলচ্চিত্র দুনিয়ার সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার অস্কারের ৯৬তম আসরে মনোনয়ন তালিকায় জায়গা পেয়েছেন। ‘রেড, হোয়াইট অ্যান্ড ব্লু’-এর জন্য তিনি মনোনয়ন পেয়েছেন। ছবিটি প্রযোজনা করেছেন নাজরিন চৌধুরী ও সারা ম্যাকফারলেন। এতে হলিউড অভিনেত্রী ব্রিটানি স্নোও অভিনয় করেছেন।

মঙ্গলবার (২৩ জানুয়ারি) বাংলাদেশ সময় সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে মনোনয়ন তালিকা ঘোষণা করেন জার্মান-আমেরিকান অভিনেত্রী জাসি বিটস ও আমেরিকান অভিনেতা জ্যাক কুয়েড। তার আগে স্বাগত বক্তব্য রাখেন অ্যাকাডেমি অব মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেসের সভাপতি জ্যানেট ইয়াং। যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলসে অ্যাকাডেমির স্যামুয়েল গোল্ডউইন থিয়েটার থেকে এই আয়োজন সরাসরি দেখানো হয়েছে অস্কারের দুই ওয়েবসাইট (অস্কার ডটকম, অস্কারস ডট ওর্গ) এবং ডিজিটাল প্ল্যাটফর্মে (টিকটক, ইনস্টাগ্রাম, ইউটিউব, ফেসবুক)।

স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রটির গল্প যুক্তরাষ্ট্রের আরকানসাস রাজ্যের বাসিন্দা র্যা চেল নামের একজন সিঙ্গেল মাকে কেন্দ্র করে। তার দুই সন্তান আছে। তিনি পেশায় ওয়েট্রেস। আরকানসাসে গর্ভপাত নিষিদ্ধ থাকায় অন্যত্র গিয়ে এই প্রক্রিয়া সম্পন্নের জন্য টাকা জোগাড় করতে হবে।

অ্যামাজন প্রাইমের ‘জ্যাক রায়ান’ সিরিজের ১টি, বিবিসি ওয়ানের ‘ইস্টএন্ডার্স’ সিরিজের ২টি, এএমসি চ্যানেলের ‘ফিয়ার অ্যান্ড ওয়াকিং ডেড’ সিরিজের আটটি পর্ব লিখেছেন নাজরিন চৌধুরী। এছাড়া বেশ কয়েকটি টিভি অনুষ্ঠানের চিত্রনাট্যকার হিসেবে কাজ করে অভিজ্ঞতা অর্জন করেছেন তিনি। এবার ‘রেড, হোয়াইট অ্যান্ড ব্লু’র মাধ্যমে পরিচালক হিসেবে যাত্রা শুরু হলো তার।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে দুই ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বাজারে অভিযান চালিয়ে অননুমোদিতভাবে চাউল মজুত করার অপরাধে দুই ব্যবসায়ীর ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার।

বুধবার দুপুরে মেহেরপুরের ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন। দণ্ডিতরা হলেন- আমঝুপি বাজারের চাউল ব্যবসায়ী আমজাদ হোসেন ও আব্বাস আলী।

সজল আহমেদ বলেন, আমঝুপি বাজারের মেসার্স আমজাদ খাদ্য ভান্ডার নামের লাইসেন্স বহির্ভূতভাবে প্রায় ৩ হাজার বস্তা অবৈধভাবে চাউল মজুদ, চাউলের ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়সহ বিভিন্ন অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: আমজাদ হোসেনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৫ ও ৫১ ধারায় ৩০ হাজার টাকা এবং মেসার্স আব্বাস খাদ্য ভান্ডার নামের আরও একটি প্রতিষ্ঠানের মালিক আব্বাস আলীকে একই আইনের ৩৮ ও ৪৫ ধারায় ২০ হাজার টাকা জরিমানা করা হয় এবং তাদেরকে ১৫ দিনের মধ্যে সমস্ত চাউল বিক্রি করার নির্দেশ দেয়া হয়।

অভিযান চলাকালে জেলা কৃষি বিপণন কর্মকর্তা আব্দুর রাজ্জাক, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম সহযোগীতা করেন।

প্রসঙ্গত, গত মঙ্গলবার সদর উপজেলার বামনপাড়ায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর অভিযান চালিয়ে চাউল মজুদের দায়ে এক ব্যবসায়ীকে ১৫ হাজার টাকা জরিমানা করে।

সিরিয়ার কাছে হেরে এশিয়ান কাপ থেকে ভারতের বিদায়

কাতারে অনুষ্ঠানরত এএফসি এশিয়ান কাপ ফুটবলে উপমহাদেশের একমাত্র দল ছিল ভারত। টুর্নামেন্ট থেকে সেই ভারত কাল বিদায় নিয়েছে। সিরিয়ার বিপক্ষে ১-০ গোলে হেরে ভারতের বিদায় নিশ্চিত হয়ে গেল। এই ম্যাচে মাঠে নামার আগে ভারতের অধিনায়ক সুনীল ছেত্রী বলেছিলেন-ফিফার র্যাংকিংয়ে ১১ ধাপ ওপরে থাকা সিরিয়ার বিপক্ষে ১২০ ভাগ শক্তি দিয়ে লড়াই করবেন। লড়াইটা ঠিকই করেছিলেন সুনীলরা। ৭৫ মিনিট পর্যন্ত সিরিয়াকে ঠেকিয়ে রাখে ভারত। ৭৬ মিনিটে ভারত গোল হজম করে। একমাত্র গোলটি করেন সিরিয়ার ওমর। আর তাতেই ভারতের স্বপ্ন ভেঙে যায়।

২০২২ বিশ্বকাপ আয়োজকের দেশ কাতার থেকে পাট চুকিয়ে ঘরে ফেরার পথে ভারত। অস্ট্রেলিয়া এবং উজবেকিস্তানের পর সিরিয়ার কাছে পরাস্ত ভারত গ্রুপ পর্বে টানা তিন ম্যাচ হারল। এশিয়ান কাপের শেষ ষোলোয় উঠে গেল সিরিয়া। সাত বছর পর এই টুর্নামেন্টের কোনো ম্যাচ জিতল সিরিয়া। ভারত এবং সিরিয়া, এই দুই দলই একটিও ম্যাচ না জিতে গতকাল কাতারের আল বায়াত স্টেডিয়ামে লড়াইয়ে নেমেছিল।

শুরু থেকেই সুনীলদের চাপে ফেলেন সিরিয়ার আক্রমণভাগ। মুহুর্মুহু আক্রমণে দিশেহারা হয়ে যায় ভারতীয় ডিফেন্স। গোলরক্ষক গ্রুরপ্রীত সিং সান্ধুর কারণে কয়েক বার নিশ্চিত গোলের হাত থেকে বেঁচে যায় ভারত। হাজার আক্রমণ করেও গোলমুখ খুলতে পারেনি সিরিয়া। তবে দ্বিতীয়ার্ধে চাপ আরও বাড়িয়ে গোল পায়। ম্যাচে নামার আগেই সুনীল স্বীকার করেছিলেন, গোল করতে না পারাটা তাদের দলের কাছে বড় সমস্যা।

সূত্র: ইত্তেফাক

গাংনীতে দুই দিনব্যাপি নতুন জাতের ফসল চাষ পদ্ধতি সম্পর্কিত প্রশিক্ষণ

মেহেরপুরের গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত কৃষিখাত এর আওতায় দুই দিনব্যাপি উচ্চমূল্য ও উচ্চফলনশীল নতুন জাতের ফসল চাষ ও পরিবেশ বান্ধব মালচিং পেপার ব্যবহার করে উচ্চ মূল্যের ফসল চাষ প্রচলন বিষয়ক শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণে অংশ নেন ২৫ জন কৃষানি।

আজ মঙ্গলবার সকালে অনুষ্ঠিত প্রশিক্ষণটি পলাশীপাড়া শাখা কার্যালয়ের হলরুমে অনুষ্ঠিত হয়।

উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-এর উপ-পরিচালক বিজয় কৃষ্ণ হালদার ও জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রকৌশলী সুবল চন্দ্র মন্ডল এবং উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ ইমরান হোসেন।

এছাড়াও উপস্থিত ছিলেন সংস্থার সহকারী পরিচালক মোহাঃ সাইফুল ইসলাম, সংস্থার অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং সফল খামারি।

এ প্রশিক্ষণে বিভিন্ন উচ্চফলনশীল ফসলের জাত পরিচিতি ও মৌসুম, বীজ বাছাই, বীজ শোধন ও জাগ দেয়া, বীজতলা তৈরী, বীজতলায় বপন, বীজতলা পরিচর্যা, চারা উঠানো, চারা বহন, রোপনের জন্য জমি তৈরী, চারা রোপন, জৈব সার প্রয়োগ, ডলোচুন ব্যবহার, ব্রি-হাইব্রিড ধানের চাষ পদ্ধতি, আগাছা দমন ও সেচ ব্যবস্থাপনা, ধানে অতিরিক্ত চিটা হওয়ার কারণ ও প্রতিকার, ধান কাটার সময়, মাড়াই এবং সংরণ, ধানের বীজ সংরণ, উচ্চমূল্য ও উচ্চফলনশীল বিভিন্ন ফসল (লালবাঁধা কপি, ব্রকলি, ক্যাপসিকাম, বেবি তরমুজ ইত্যাদি) চাষ সংক্রান্ত এবং অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়।

উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

মুজিবনগরে ফেনসিডিল সহ একাধিক মাদক মামলার আসামি আটক

৬০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ মো ইনসান বিশ্বাস নামের এক মাদক কারবারীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

মাদক ব্যবসায়ী ইনসান বিশ্বাস মুজিবনগর উপজেলার সীমান্তবর্তি জয়পুর গ্রামের আব্দুল বিশ্বাসের ছেলে।

আজ মঙ্গলবার (২৩ জানুয়ারি) দিবাগত রাত ৯ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে ইনসান বিশ্বাসের বাড়িতে অভিযান চালিয়ে ৬০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ তাকে আটক করেন।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের পরিদর্শক তরিকুল ইসলামের নেতৃত্বে সংগীয় এসআই(নিঃ) অরুণ কুমার, এএসআই(নিঃ)মোঃ মাসুদ রানা অভিযানে অংশ নেন।

ডিবি পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম এই তথ্য নিশ্চিত করে জানান,গোপন সংবাদের ভিত্তিতে জয়পুর গ্রামের মাদক ব্যবসায়ী ইনসান বিশ্বাসের বাড়িতে বিশেষ অভিযান চালানো হয়। এসময় তার বসত ঘর থেকে ৬০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

আসামী ইনসান বিশ্বাসের বিরুদ্ধে মুজিবনগর থানায় এফআইআর নং ৬, তারিখ ১৩ নভেম্বর ২০২২, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ২০১৮ এর ধারা : ৩৬ (১) সরণির ১৪(গ)/৪১, মামলা নং জিআর ১৫২ মামলা রয়েছে।

এঘটনায় মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

দর্শনা পৌরবাসির পক্ষ থেকে ৪র্থ বারের মত এমপি নির্বাচিত হওয়ায় গণসংবর্ধনা

৪র্থ বারের মত নির্বাচিত সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার (টগর) এমপিকে দর্শনা পৌরবাসীর পক্ষ থেকে গণ-সংবর্ধনা দেওয়া হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল ৪ টার দিকে দর্শনা কলেজ মাঠে দর্শনা পৌরসভার আয়োজনে এ গণ সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবুর সভাপতিত্বে ও দর্শনা পৌর আওয়ামীলীগের যুগ্ন সম্পাদক ও নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফের উপস্থাপনায় বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের ৪ বারের নির্বাচিত সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এ সময় তিনি বলেন,প্রিয় দর্শনাবাসি আমাকে ৪র্থ বারের মত এমপি নির্বাচিত করায় দর্শনা বাসির কাছে চিরঝনী হয়ে থাকবো।তাই আমি দর্শনা বাসির কথা কোন দিন ভুলবো না।দর্শনা উন্নয়নের জন্য যা যা করার দরকার আমি আপনাদের সাথে নিয়ে উন্নয়ন করবো।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ সহিদুল ইসলাম, দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এসএএম জাকারিয়া আলম, দর্শনা পৌর ১নং ওযার্ড আওয়ামীলীগের সভাপতি ও সাবেক কাউন্সিলর জয়নাল আবেদীন নফর, কাউন্সিলর সাবির হোসেন মিকা।

এছাড়া বিশেষ অতিথি হিসসাবে উপস্থিত ছিলেন, কেরুজ অবসরপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোঃ শাহাব উদ্দিন, দর্শনা পৌর কাউন্সিলর ও প্যানেল মেয়র রবিউল হক সুমন, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী, সমাজ সেবক হাজী আকমত আলী, দর্শনা পৌর ২নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক আব্দুল হাকিম, আওয়ামী লীগ নেতা আব্দুুল জলিল, প্রমুখ।

গণ সংবর্ধনায় ফুলেল শুভেচ্ছা জানান, দর্শনা পৌর মেয়র, পৌরসভা,

আওয়ামীলীগ, যুবলীগ, পৌর ও কলেজ ছাত্রলীগ, দোকান মালিক সমিতি, গণউন্নয়ন গ্রন্থাগার, ওয়েভ ফাউন্ডেশন, মৌচাক সামাজিক উন্নয়ন সংস্থা, দর্শনা পৌর শাখার প্রাথমিক বিদ্যালয় নের্তৃবৃন্দ, রিক্সা ও ভ্যান শ্রমিক ইউনিয়ন, মোটরশ্রমিক ইউনিযয়ন, দর্শনা পৌর প্রবীন কমিটি, দর্শনা নাগরিক কমিটি, দর্শনা পৌর ৩নং ওয়ার্ডবাসি, রেলশ্রমিক ইউনিয়ন নের্কৃবৃন্দ, দর্শনা সনাতন ধর্ম নের্তৃবৃন্দ, ৬নং ওয়ার্ড আওয়ামী লীগ, ৮নং ওয়ার্ড মহিলা, ২নং ওয়ার্ডবাসী, ২নং ওয়ার্ড আওয়ামী লীগ, দর্শনা প্রেসক্লাব, দর্শনা সিএন্ডএফ এ্যাসোসিয়েশন, চুয়াডাঙ্গা জেলা বাসট্রাক, মিনিবাস, মাইক্রোবাস দর্শনা থানা শাখা।

এছাড়া দর্শনা পৌরসভা, দর্শনা পৌর আওয়ামীলীগ, যুবলীগ, পৌর ও কলেজ ছাত্রলীগ, প্রবীণ কমিটি, রাজনৈতিক, সমাজিক, সাংস্কৃতিক, ব্যাবসায়ী, পেশাজীবী সংগঠন ও সুধি সমাজ।

কুষ্টিয়ায় মাথায় ইট পড়ে নির্মাণ শ্রমিকের মৃত্যু

কুষ্টিয়ায় মাথায় ইট পড়ে নির্মাণ শ্রমিক শুভন (১৮) নামে এক কিশোরের মৃত্যুর ঘটনা ঘটেছে। আজ মঙ্গলবার দুপুরের দিকে ইবি থানাধীন ঝাউদিয়া মাজপাড়া গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত শুভন কুষ্টিয়া সদর উপজেলার মাজিলা গ্রামের মিরাজুল ইসলামের ছেলে। পেশায় ছিলেন রাজমিস্ত্রীর সহকারী।

স্থানীয় সূত্রে জানা যায়, সকালের দিকে কাজের উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয় ঝাউদিয়া মাজপাড়া জামে মসজিদ নির্মাণ কাজের জন্য। মসজিদের সানসেটের উপরে নিচ থেকে ইট তুলে রাখার সময় অসাবধনাবশত সানসেটে থাকা ইট পড়ে শুভনের মাথায় আঘাত লাগে। পরে তার অবস্থা আশংকাজনক হওয়ায় স্থানীয়দের সহযোগিতায় তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালের দায়িত্বরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। পরিবারের একমাত্র ছেলে থাকায় তার মৃত্যুতে শোকাহত হয়েছে নিহতের পরিবার।

কুষ্টিয়ায় অবৈধভাবে মাটি কাটার অভিযোগে ২জনের কারাদণ্ড

কুষ্টিয়ার দৌলতপুরে সরকারি খাল থেকে অবৈধভাবে মাটি কাটার অভিযোগে ২জনকে কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার (২৩ জানুয়ারি) বিকেলে উপজেলার ফিলিপনগর ইউনিয়নের বাহিরমাদী এলাকায় সরকারি খাল থেকে অবৈধভাবে মাটি কেটে ইটভাটায় সরবরাহ করার অভিযোগে সেলিম রেজা ও সরকারি কাজে অসহযোগিতা করায় ফরজ আলী নামে দু’জনকে ১৫দিন করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শাহীদুল ইসলাম।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, সরকারি খাল থেকে মাটি কেটে ইটভাটায় সরবরাহ করার অভিযোগে সেলিম রেজা, সরকারি কাজে অসহযোগিতা করায় ফরজ আলী নামে ২ জনকে আটক করা হয়।

পরে পৃথক ভ্রাম্যমাণ আদালতে সেলিম রেজা ও ফরজ আলীকে ১৫দিন করে বিনাশ্রম কারাদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও দৌলতপুর সহকারী কমিশনার (ভূমি) মো. শাহীদুল ইসলাম। পরে তাদের পুলিশের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়।

মাদক ব্যবসায়ীর কোন ছাড় নেই –এমপি সালাহউদ্দিন মিয়াজি

মাদক ব্যবসায়ীর কোন ছাড় নেই। মাদক ব্যবসায়ী কোন রাজনৈতিক দলের নেতা বা কর্মী হতে পারে না। তারা দেশ ও জাতির শত্রু। যদি কেউ রাজনৈতিক দলের নাম ভাঙিয়ে মাদক ব্যবসা করে এমন প্রমান পাওয়া যায়

তাহলে তাকে দ্রুত আইনের আওতায় আনতে হবে। যা প্রশাসনের একার পক্ষে সম্ভব না। মাদক একটি সামাজিক ব্যাধি যা থেকে পরিত্রান পাওয়া অত্যন্ত জরুরী তা না হলে ধ্বংস হয়ে যাবে দেশ। নিজ নিজ এলাকার মাদক ব্যবসায়ীদের তালিকা তৈরি করে আইনশৃঙ্খলা বাহিনী কে তথ্য দিন। বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা মাদককে জিরো টলারেন্স ঘোষণা করেছে। মাদকমুক্ত একটি সুশিক্ষিত জাতি গঠন অত্যন্ত জরুরী বলে মনে করছি।

কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় মাদক বিরোধী সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ঝিনাইদাহ ৩ আসনের সাংসদ সদস্য (অবঃ) মেজর জেনারেল সালাহউদ্দিন মিয়াজি।

আজ মঙ্গলবার (২৩ শে জানুয়ারি)সকালে “মাদক নয়, মৃত্যু নয়, মাদক মুক্ত জীবন চাই”এই প্রতিপাদ্য মাদকদ্রব্যের অপব্যবহার রোধ,ক্ষতিকর মাদক মির্মূল এবং মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষে কোটচাঁদপুর উপজেলা পরিষদ অফিসার্স ক্লাব মিলনায়তনে এ মাদকবিরোধী সেমিনার অনুষ্ঠিত হয়। মাদকবিরোধী সেমিনারে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

সে সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি,উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মডেল থানার তদন্ত ওসি জগন্নাথ চন্দ্র, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা আব্দুর রশিদ,বীর মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম,ইউপি চেয়ারম্যান আব্দুল মান্নান, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক রাজিব, বীর জনতা পত্রিকা স্টাফ রিপোর্টার আব্দুল্লাহ বাশার, আজকের পত্রিকার সুব্রত কুমার প্রমুখ।

মাদক বিরোধী সেমিনার পরিচালনা করেন জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের সহকারী পরিচালক গোলক মজুমদার। এ সময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তা কর্মচারী, সাংবাদিক, শিক্ষক সহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা আওয়ামী লীগ হবে স্মার্ট আওয়ামী লীগ — এমপি সাগর

আগামী পাঁচ বছরে গাংনী উপজেলা আওয়ামী লীগ হবে স্মার্ট আওয়ামী লীগ। এই উপজেলার সকলের সম্মান রক্ষা করে শান্তি ও সম্পৃতির গাংনী গড়ে তোলা হবে। এজন্য সকল শ্রেনী পেশার মানুষের কাছে আমি সহযোগিতা চাই।

মেহেরপুর-২ (গাংনী) আসনের নবনির্বাচিত জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগরকে বরণ অনুষ্ঠানে এই সহযোগীতা চান তিনি।

মঙ্গলবার (২৩ জানুয়ারি) বিকালে আইনী সহায়তা কেন্দ্র (আশক) ফাউন্ডেশনের গাংনী উপজেলা শাখার উদ্যোগে নবনির্বাচিত সাংসদ ডা এএসএম নাজমুল হক সাগরকে আড়ম্বরপূর্ণ পরিবেশে বরণ করে নেয়া হয়।

বরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইনী সহায়তা কেন্দ্র (আশক) ফাউন্ডেশনের গাংনী উপজেলা শাখার সভাপতি নজরুল ইসলাম।
বরণ অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর।

বিশেষ অতিথির বক্তব্য জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম,গাংনী উপজেলা আসকের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন, আশকের মেহেরপুর জেলা কমিটির উপদেষ্টা হারুন অর রশীদ, গাংনী উপজেলা শাখার অর্থ সম্পাদক আমিনুল ইসলাম রতনসহ সংগঠনের বিভিন্ন স্তরের নেতা কর্মী।

প্রধান অতিথি ডাক্তার এএসএম নাজমুল হক সাগর আরও বলেন, শেখ হাসিনার নির্দেশনা ছিলো উৎসব মুখর পরিবেশে শান্তিপূর্ণ ভাবে দ্বাদশ জাতীয় নির্বাচন। মেহেরপুর জেলার মানুষ প্রধান মন্ত্রীর সেই নির্দেশ পালন করেছেন। নির্বাচন পূর্ববর্তি এবং পরিবর্তি কোনো ধরনের সহিংসতাও হয়নি। এজন্য জেলার মানুষকে ধন্যবাদ জানান। আগামী পাঁচ বছর ঐক্য গড়ে তুলে গাংনী উপজেলায় উন্নয়ন করা হবে বলেও জানান তিনি।